বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-বাকাশিবো/ক(ডিপ)/২০১৬/৫০৯৬ — তারিখঃ ০৬ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ / ১৯ এপ্রিল, ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ দেশ-বিদেশের চাকরি বাজারের চাহিদার সাথে মিল রেখে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের প্রবিধান এবং বিভিন্ন টেকনোলজির কোর্স স্ট্রাকচার যুগোপযোগী করার লক্ষে সুচিন্তিত মতামত প্রদান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের এফিলিয়েটেড কোর্সসমূহের কারিকুলাম আপডেটিং একটি চলমান প্রক্রিয়া। শিক্ষা মন্ত্রণালয়ের তত্বাবধানে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের প্রবিধান পরিমার্জন এবং কারিকুলাম আপডেটিং কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায় খসড়া প্রবিধান এবং ছকে উল্লিখিত কোর্স স্ট্রাকচার দেশ-বিদেশের চাকুরী বাজারের চাহিদা উপযোগী করার জন্য সকলের মতামত আহবান করা যাচ্ছে। প্রসত্মাবিত প্রবিধান এবং কম্পিউটার ও ইলেকট্রিক্যাল টেকনোলজির কোর্স স্ট্রাকচার www.bteb.gov.bd ওয়েবসাইটে মতামত প্রদানের জন্য পাওয়া যাবে। আগামী ৩০-০৪-২০১৬ তারিখের মধ্যে আপনার **সুচিন্তিত** মতামত bteb.dip@gmail.com মেইলের মাধ্যমে এবং হার্ডকপি পরিচালক (কারিকুলাম), বরাবরে প্রেরন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

স্বাক্ষরিত/-
(মো: আক্তারউজ্জামান)
পরিচালক (কারিকুলাম)
ফোন: ০২-৯১৪০৬৪৬

স্মারক নং - বাকাশিবো/ক(ডিপ্লোমা)/২০১৬/৫০৯৬(৭) — তারিখঃ ১৯/০৪/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
৩। চেয়ারম্যান/ব্যাবস্থাপান পরিচালক (শিল্প প্রতিষ্ঠান)........................।
৪। অধ্যক্ষ (পলিটেকনিক ইন্সটিটিউট)..।
৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। নথি।

(মোঃমোস্তাফিজুর রহমান খান)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
ফোনঃ ০২৯১২৫৩৬৫

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

Website : www.bteb.gov.bd

ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম

(৪ বছর মেয়াদি)

প্রবিধান ২০১৬ (প্রস্তাবিত)

(২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে কার্যকর)

(তম বোর্ড সভায় অনুমোদিত)

বাকাশিবো/একাডে/ / -২০১৬

ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম প্রবিধান, ২০১৬ (প্রস্তাবিত)

নাম ও কাঠামো

১.১ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের প্রকৌশল ডিপ্লোমা সত্মরের শিক্ষাক্রমের নাম হবে **"ডিপ্লেমা-ইন-ইঞ্জিনিয়ারিং"**।

১.২ এ শিক্ষাক্রমের মেয়াদ হবে ৪বছর (৮ সেমিস্টার)।

(ক) ১ম-৭ম সেমিস্টার (পর্ব) সংশ্লিষ্ট ইন্সটিটিউটে/প্রতিষ্ঠানে পরিচালিত হবে।

(খ) ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ৮ম পর্বে শিল্প কারখানায় এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে।

(গ) ডিপ্লোমা কোর্সের ক্রেডিট ১৪০-১৫০-এর মধ্যে নির্ধারিত থাকবে।

(ঘ) সোস্যাল স্কিল হবে ১০-১৫%, সাইন্স ও ম্যাথ হবে ১৫-১৭%, রিলেটেড ইঞ্জিনিয়ারিং ১০-১২% এবং কোর ইঞ্জিনিয়ারিং ৫৮-৬০%।

১.৩ এ প্রবিধান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের একাডেমিক নিয়ন্ত্রণাধীন সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত ডিপ্লোমা -ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের জন্য কার্যকর হবে।

১.৪ সকল টেকনোলজির পাঠ্যসূচি (সিলেবাস) বিন্যাসে পাঠ্য বিষয়ে তাত্বিক ও ব্যবহারিক অংশের সাপ্তাহিক ক্লাশের সংখ্যা যথাক্রমে T (থিওরি) ও P (প্রাকটিক্যাল) দ্বারা বুঝানো হবে এবং প্রতি এক পিরিয়ডের তত্বীয় ক্লাশএক ক্রেডিট-আওয়ার ও প্রতি তিন পিরিয়ডের ব্যবহারিক ক্লাশএক ক্রেডিট-আওয়ার দ্বারা নির্ধারিত হবে। তবে বাংলা, ইংরেজি ও ফিজিক্যাল এডুকেশন বিষয়ের দুই পিরিয়ডের ব্যবহারিক ক্লাশ এক ক্রেডিট-আওয়ার দ্বারা নির্ধারিত হবে। এক পিরিয়ডের সময়সীমা হবে ৫০ মিনিট। এক ক্রেডিট-আওয়ারের মান হবে ৫০ নম্বর। প্রতি বিষয়ের জন্য বিষয় কোড তার বাম পার্শ্বে লিখিত থাকবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের বিষয়বস্তুর নম্বর বিন্যাস অনুযায়ী এ প্রবিধান প্রযোজ্য হবে।

১.৬ প্রতি পর্বের শিক্ষাক্রম বাস্তবায়নের মেয়াদ হবে ১৬ কার্য সপ্তাহ। প্রতি কার্য সপ্তাহে ৩৬-৪০ পিরিয়ড অনুষ্ঠিত হবে।

১.৭ যে কোন ইন্সটিটিউটে/প্রতিষ্ঠানে স্থানীয় চাহিদার ভিত্তিতে বোর্ডের অনুমোদনক্রমে ডিপ্লোমা -ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের নতুন টেকনোলজি প্রবর্তন করতে পারবে। এরূপ ক্ষেত্রে উক্ত টেকনোলজির ক্রেডিট ও সময়সীমা প্রচলিত শিক্ষাক্রমের অনুরূপ হতে হবে।

১.৮ কৃতকার্য ছাত্রছাত্রীদের সনদপত্র প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের (সকল টেকনোলজির) মূল্যায়ন প্রক্রিয়া ও গুরুত্ব নিম্নরূপ হবে।

১.৮.১ গ্রেডিং পদ্ধতি (The Grading System)

প্রতি সেমিস্টারে একজন ছাত্রছাত্রী প্রাপ্ত নম্বরের ভিত্তিতে লেটার গ্রেড এবং তার বিপরীতে গ্রেড পয়েন্ট (GP) অর্জন করবে। নিম্নবর্ণিত নিয়মে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে লেটার গ্রেড এবং তার বিপরীতে গ্রেড পয়েন্ট প্রদান করা হবে।

প্রাপ্ত নম্বর	লেটার গ্রেড	গ্রেড পয়েন্ট (GP)
৮০% এবং তার উপর	A^+	৪.০০
৭৫% থেকে ৮০% এর নিচে	A	৩.৭৫
৭০% থেকে ৭৫% এর নিচে	A^-	৩.৫০
৬৫% থেকে ৭০% এর নিচে	B^+	৩.২৫
৬০% থেকে ৬৫% এর নিচে	B	৩.০০
৫৫% থেকে ৬০% এর নিচে	B^-	২.৭৫
৫০% থেকে ৫৫% এর নিচে	C^+	২.৫০
৪৫% থেকে ৫০% এর নিচে	C	২.২৫
৪০% থেকে ৪৫% এর নিচে	D	২.০০
৪০% এর নিচে	F	০.০০

১.৮.২ গড় গ্রেড পয়েন্ট হিসাব পদ্ধতি (Calculation of GPA)

নিম্নে সিভিল টেকনোলজি বিভাগের প্রথম পর্বে একজন শিক্ষার্থীর নম্বরের ভিত্তিতে GPA হিসাব পদ্ধতি দেখানো হল ঃ

Sub. code	Name of the subject	T	P	C	Letter Grade	Grade Point (GP)	C×GP
1011	Engineering Drawing	0	6	2	A	3.75	7.50
5711	Bangla	2	2	3	A^+	4.00	12.00
5712	English - I	2	0	2	A	3.75	7.50
5911	Mathematics - I	3	3	4	A^+	4.00	16.00
5912	Physics-I	3	3	4	A^+	4.00	16.00
6711	Basic Electricity	3	3	4	B^+	3.25	13.00
7011	Basic Workshop Practice	0	6	2	A	3.75	7.50
	Total			21			79.5

$\Sigma C = 21 \quad \Sigma(C\times GP) = 79.50$

$$GPA = \frac{\Sigma(C\times GP)}{\Sigma C} = \frac{79.50}{21} = 3.79$$

১.৮.৩ পর্ব ভিত্তিক GPA এর গুরুত্ব

১ম পর্ব	৫%
২য় পর্ব	৫%
৩য় পর্ব	৫%
৪র্থ পর্ব	১০%
৫ম পর্ব	১৫%
৬ষ্ঠ পর্ব	২০%
৭ম পর্ব	২৫%
৮ম পর্ব (ইন্ডাঃ ট্রেনিং)	১৫%
মোট =	১০০%

১.৮.৪ CGPA(Cumulative Grade Point Average) হিসাব পদ্ধতি

পর্ব	পর্ব ভিত্তিক GPA	গুরুত্ব	গুরুত্ব অনুযায়ী অংশ (X)
১ম	৩.৫০	৫%	০.১৭৫
২য়	৩.৬০	৫%	০.১৮০
৩য়	৪.০০	৫%	০.২০০
৪র্থ	৩.৮২	১০%	০.৩৮২
৫ম	৩.৯০	১৫%	০.৫৮৫
৬ষ্ঠ	৪.০০	২০%	০.৮০০
৭ম	৩.৭০	২৫%	০.৯২৫
৮ম	৪.০০	১৫%	০.৬০০
			৩.৮৪৭

Σ X = ৩.৮৪৭

CGPA = ৩.৮৫

১.৮.৫ মান সম্পন্ন পাঠদানের জন্য সুপারিশকৃত ক্লাশ লোড বণ্টন ঃ

অধ্যক্ষ	০-৪
উপাধ্যক্ষ	৬-৯
চিফ ইন্সট্রাক্টর	১০-১৫
ইন্সট্রাক্টর	১৮-২২
ওয়ার্কশপ সুপার	১৫-২০
জুনিয়র ইন্সট্রাক্টর	২০-২৫

২. ভর্তির নিয়মাবলি

২.১ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ভর্তি হওয়ার ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এসএসসি বা সমমানের পরীক্ষায় পাস।

২.২ এইচএসসি (ভোকেশনাল) উত্তীর্ন শিক্ষার্থীরা ক্রেডিট ট্রান্সফারের মাধ্যমে ৪র্থ পর্বে ভর্তি হওয়ার সুযোগ পাবে।

২.৩ এইচএসসি (বিজ্ঞান) উত্তীর্ন শিক্ষার্থীরা ৩য় পর্বে ভর্তি হওয়ার সুযোগ পাবে।

২.৪ ইংরেজি ভাষায় বিদেশী শিক্ষার্থীর পাশাপাশি আগ্রহী দেশী শিক্ষার্থীরাও পড়াশুনা করতে পারবে।

২.৫ অনলাইন কাম্পাস চালু করা যাবে।

২.৬ ইংরেজি ভাষায় প্রয়োজনীয় সংখ্যক প্রশ্ন পত্র প্রণয়ন করতে হবে।

২.৭ **কেন্দ্রীয় ভর্তি কমিটির সুপারিশকৃত নীতিমালা অনুসারে শিক্ষার্থী ভর্তি করা হবে।**

৩. নিবন্ধন

৩.১ প্রথম পর্বে ভর্তির পর বোর্ড কর্তৃক সরবরাহকৃত নিবন্ধন তথ্য ফরম (RIF) পূরণ করে নির্ধারিত ফি প্রদানপূর্বক শিক্ষাক্রমের জন্য ক্লাশ আরম্ভের ৪৫ দিনের মধ্যে নিবন্ধনভুক্ত হতে হবে।

৩.২ একজন শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ ভর্তির শিক্ষাবর্ষ হতে ধারাবাহিকভাবে ৮ (আট) শিক্ষাবর্ষ পর্যমত্ম কার্যকর থাকবে। শিক্ষা কার্যক্রমের পরিপন্থি কোন কাজ করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষা পরিষদের সুপারিশ অনুযায়ী ছাত্রছাত্রীদের রেজিস্ট্রেশন স্থগিত/বাতিল করার ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত থাকবে।

৩.৩ একজন শিক্ষার্থী কোন টেকনোলজিতে অধ্যয়নরত অবস্থায় অথবা অধ্যয়ন শেষে অন্য টেকনোলজিতে ভর্তি হতে পারবে না। অন্য কোথাও ভর্তি হতে হলে সে ক্ষেত্রে শিক্ষার্থীর ভর্তি ও রেজিষ্ট্রেশন বাতিল করে মূল নম্বরপত্র প্রতিষ্ঠান থেকে ফেরত নিতে হবে।

৪. ধারাবাহিক মূল্যায়ন ও পর্ব সমাপনী পরীক্ষা

৪.১ কোন ছাত্রছাত্রী কোন বিষয়ে মোট অনুষ্ঠিত ক্লাশের শতকরা ৮০ ভাগ ক্লাশে উপস্থিত না থাকলে তাকে পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করার অনুমতি দেয়া হবে না। তবে অসুস্থতা বা অন্য কোন গ্রহণযোগ্য কারণে ইনস্টিটিউটের শিক্ষা পরিষদ সর্বোচ্চ শতকরা ১০ ভাগ অনুপস্থিতি জরিমানাসহ মওকুফ করতে পারবে। পর্ব সমাপনী পরীক্ষার ক্ষেত্রে পর্ব সমাপনী পরীক্ষা তথ্য ফরম (EIF) পূরণের দিন পর্যন্ত অনুষ্ঠিত ক্লাশের ভিত্তিতে হাজিরা হিসেব করতে হবে।

৪.২ ১ম পর্বের ছাত্রছাত্রী ব্যতিত নির্ধারিত হাজিরা অর্জনে ব্যর্থ অথবা কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে পর্ব সমাপনী পরীক্ষায় ফরম পূরণে ব্যর্থ ছাত্রছাত্রী যে পর্বে ব্যর্থ হয়েছে পরবর্তী সংশ্লিষ্ট পর্বে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ধারাবাহিকভাবে পরপর সর্বোচ্চ দুইবার পুনরায় ভর্তি হয়ে নিয়মিতভাবে অধ্যয়ন করার সুযোগ পাবে। ১ম পর্বের ছাত্র ছাত্রীর ক্ষেত্রে পর্ব সমাপনী পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হলে উক্ত ছাত্রছাত্রীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

৪.৩ সকল পর্বের প্রত্যেক তত্ত্বীয় বিষয়ের বা বিষয়ের তত্ত্বীয় অংশের মোট নম্বরের ৪০% ধারাবাহিক মূল্যায়নের জন্য এবং ৬০% পর্বসমাপনী পরীক্ষার জন্য নির্ধারিত থাকবে। ধারাবাহিক মূল্যায়নের নম্বর পর্ব মধ্য, ক্লাশ টেস্ট, কুইজ ও উপস্থিতির জন্য নির্ধারিত থাকবে। ন্যূনপক্ষে দুইটি ক্লাশ টেস্ট ও নূন্যতম তিনটি কুইজ অনুষ্ঠিত হবে। পর্ব মধ্য, ক্লাশ টেস্ট, কুইজ ও উপস্থিতির জন্য নম্বর বিন্যাস হবে নিম্নরূপঃ

তত্ত্বীয় বিষয় বা বিষয়ের তত্ত্বীয় অংশের মোট নম্বরের ভিত্তিতে

পর্ব মধ্য	ঃ	২০%
ক্লাশটেস্ট	ঃ	০৬%
কুইজ	ঃ	০৪%
প্রেজেনটেশন ও আসাইনমেন্টঃ		০৫%

উপস্থিতি ঃ (৮০% উপস্থিতির উর্ধ্বে আনুপাতিক হারে) ০৫%

[উপস্থিতির ব্যাখ্যাঃ ৯০% এর উপরে- ০৫% ; ৮০% - ৮৯% ০৪%]

৪.৪ তাত্ত্বিক ধারাবাহিক এবং তাত্ত্বিক পর্ব সমাপনী পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম D গ্রেড পেয়ে পাশ করতে হবে।

৪.৫ পর্ব মধ্য পরীক্ষা সেমিস্টারের ৮ম সপ্তাহে সম্পন্ন হবে।

৪.৬ বিষয় শিক্ষকগণ ক্লাশ টেস্টের তারিখ, সময় ও স্থান পূর্বেই ছাত্রছাত্রীদিগকে অবহিত করবেন। ৫ম ও ১৩তম সপ্তাহে ক্লাশ টেস্ট অনুষ্ঠিত হবে। কুইজসমূহ ক্লাশ চলাকালীন যে কোন সময় অনুষ্ঠিত হতে পারে।

৪.৭ বিষয় শিক্ষক ক্লাশ টেস্ট ও কুইজ এবং মধ্যপর্ব পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করে সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের অবগতির জন্য ৭(সাত) কার্যদিবসের মধ্যে নোটিশ বোর্ডে প্রদর্শনের পর নম্বরপত্র এবং পরীক্ষিত উত্তরপত্র সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবেন।

৪.৮ সকল পর্বের ব্যবহারিক বিষয় বা বিষয়ের ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়নের জন্য ৫০% নম্বর ও পর্ব সমাপনী ব্যবহারিক পরীক্ষার জন্য ৫০% নম্বর নির্ধারিত থাকবে। ব্যবহারিক বিষয়/বিষয়ের ব্যবহারিক ধারাবাহিক অংশের মানবন্টন হবে নিম্নরূপঃ

৪.৭.১ ব্যবহারিক ধারাবাহিক মূল্যায়নের মানবন্টন

মূল্যায়নের ক্ষেত্র	১০০% এর ক্ষেত্রে	৫০% এর ক্ষেত্রে
ক. জব/ এক্সপেরিমেন্ট	৬০%	২৫%
খ. বাড়ির কাজ	১০%	০৫%
গ. জব/ এক্সপেরিমেন্ট রিপোর্ট প্রস্তুতকরণ	১০%	০৫%
ঘ. জব/ এক্সপেরিমেন্টের উপর মৌখিক পরীক্ষা	০৮%	০৫%
ঙ. আচরণ	০২%	০২%
চ. উপস্থিতি	১০%	০৮%

[উপস্থিতি ৫০% এর ক্ষেত্রে ৯০% এর উপরে ০৮% ; ৮০% - ৮৯% ০৬%]

[উপস্থিতি ১০০% এর ক্ষেত্রে ৯০% এর উপরে ১০% ; ৮০% - ৮৯% ০৮%]

৪.৭.২ ব্যবহারিক পর্ব সমাপনী মূল্যায়নের মানবণ্টন

মূল্যায়নের ক্ষেত্র	৫০% এর ক্ষেত্রে
ক. জব/এক্সপেরিমেন্ট	৩০%
খ. জব/এক্সপেরিমেন্ট রিপোর্ট	১০%
গ. জব/এক্সপেরিমেন্ট চলাকালীন সময়ের মৌখিক পরীক্ষা	১০%

৪.৮ ব্যবহারিক ধারাবাহিক এবং ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম D গ্রেড পেয়ে পাশ করতে হবে।

৪.৯ বোর্ড কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের ক্লাশএবং ৮ম পর্বের ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং সমাপনান্তে পর্ব সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৪.১০ পর্ব সমাপনী পরীক্ষা সংশ্লিষ্ট ইনস্টিটিউট অথবা বোর্ড কর্তৃক অনুমোদিত অন্য কোন ইনস্টিটিউট/শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে।

৪.১১ বোর্ড ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম এবং ৮ম পর্বের সমাপনী/পরিপূরক পরীক্ষার প্রশ্নপত্র সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/বোর্ড কর্তৃক মনোনীত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন। ১ম, ২য় ও ৩য় পর্বের সমাপনী পরীক্ষার উত্তরপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অথবা প্রয়োজনে বোর্ড কর্তৃক নির্দিষ্ট পরীক্ষক দ্বারা এবং ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের সমাপনী পরীক্ষার উত্তরপত্র বোর্ড কর্তৃক নিয়োগকৃত পরীক্ষক দ্বারা মূল্যায়ন করা হবে এবং ৮ম পর্বে ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং এর মূল্যায়ন ৪.২৩ ও ৪.২৪ অনুচ্ছেদে বর্ণিত নিয়ম অনুযায়ী পরিচালিত হবে।

৪.১২ ১ম, ২য় ও ৩য় পর্বের ব্যবহারিক পরীক্ষা পর্ব সমাপনী তাত্ত্বিক পরীক্ষার পর অনুষ্ঠিত হবে। পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা, মৌখিক পরীক্ষা গ্রহণ ও নম্বর প্রদানে (গ্রেডিং) সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষককে সহায়তা করার জন্য বিভাগীয় প্রধান যে কোন শিক্ষক নিয়োগ করতে পারবেন।

৪.১৩.১ সকল পর্বের ছাত্র-ছাত্রীকে প্রতি বিষয়ে/বিষয়ের অংশে ন্যূনতম D গ্রেড পেয়ে তত্বীয় ধারাবাহিক মূল্যায়ন ও তত্বীয় পর্ব সমাপনী পরীক্ষা পৃথকভাবে এবং ব্যবহারিক ধারাবাহিক মূল্যায়ন ও ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষায় পৃথকভাবে পাশ করতে হবে।

৪.১৩.২ ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়নে কোন বিষয়/বিষয়সমূহে অকৃতকার্য ছাত্রছাত্রীকে সংশ্লিষ্ট পর্বে অনুত্তীর্ণ ঘোষণা করা হবে। এরূপ অনুত্তীর্ণ ছাত্রছাত্রী যে পর্বে অনুত্তীর্ণ হয়েছে পরবর্তী সংশ্লিষ্ট পর্বে ধারাবাহিকভাবে পর পর সর্বোচ্চ দুইবার বোর্ড নির্ধারিত ফি দিয়ে পুনঃভর্তি হয়ে নিয়মিতভাবে উক্ত অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অধ্যয়ন করে সংশ্লিষ্ট পর্ব সমাপনী পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে এবং উক্ত বিষয়/বিষয়সমূহের সকল অংশে অর্থাৎ তত্বীয় ধারাবাহিক ও পর্ব সমাপনী অংশে সম্মিলিতভাবে এবং ব্যবহারিক পর্ব সমাপনী ও ধারাবাহিক অংশে পৃথকভাবে পাশ করতে হবে। এ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ফলাফল নির্ধারন করা হবে। উক্ত সময়ের মধ্যে এ সুযোগ গ্রহণ করে পরীক্ষায় অকৃতকার্য হলে উক্ত ছাত্রছাত্রী আর কোন সুযোগ পাবেনা ।

৪.১৪.১ কোন ছাত্রছাত্রী ১ম, ২য় ও ৩য় পর্বে, পর্ব সমাপনী পরীক্ষায় এক বা দুই বিষয়ে তাত্বিক/ব্যবহারিক অংশে অকৃতকার্য হলে উক্ত ছাত্রছাত্রীকে সাময়িকভাবে পরবর্তী পর্বে অধ্যয়নের সুযোগ দেয়া হবে। তবে এরূপ অনধিক যে দুই বিষয়ে অকৃতকার্য হয়েছে শুধুমাত্র সেই বিষয়/বিষয়সমূহের পরীক্ষা পরবর্তী পর্বের ক্লাশ আরম্ভের ৪০ (চল্লিশ) দিনের মধ্যে (বোর্ড নির্ধারিত সময়ে) পরিপূরক পরীক্ষায় নির্ধারিত ফি দিয়ে অংশগ্রহণ করতে পারবে। এই পরিপূরক পরীক্ষায় অকৃতকার্য হলে উক্ত ছাত্রছাত্রীর উক্ত পর্বে সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি বাতিল হয়ে যাবে এবং সংশ্লিষ্ট পর্বে অনুত্তীর্ণ ঘোষণা করা হবে। এরূপ অনুত্তীর্ণ ছাত্রছাত্রী যে পর্বে অনুত্তীর্ণ হয়েছে পরবর্তী সংশ্লিষ্ট পর্বে ধারাবাহিকভাবে পর পর সর্বোচ্চ দুইবার যে বিষয়/বিষয়সমূহে অকৃতকার্য হয়েছে শুধুমাত্র সেই বিষয়/বিষয়সমূহে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং এ পরীক্ষায় প্রত্যেক অকৃতকার্য বিষয়ে/বিষয়সমূহের তত্বীয়/ব্যবহারিক অংশের পর্বসমাপনী পরীক্ষায় পৃথকভাবে উত্তীর্ণ হয়ে বোর্ড নির্ধারিত ফি দিয়ে পুনঃভর্তির মাধ্যমে পরবর্তী পর্বে অধ্যয়নের সুযোগ পাবে। এ পরীক্ষায় প্রাপ্ত নম্বর বিবেচনা করে ফলাফল নির্ধারণ করা হবে। উক্ত সময়ের মধ্যে এ সুযোগ গ্রহণ করে পরীক্ষায় অকৃতকার্য হলে এ ছাত্রছাত্রী অধ্যয়নের আর কোন সুযোগ পাবে না।

৪.১৪.২ কোন ছাত্রছাত্রী ১ম, ২য় ও ৩য় পর্বে পর্ব সমাপনী পরীক্ষায় তিন বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হলে উক্ত ছাত্রছাত্রীকে সংশ্লিষ্ট পর্বে অনুত্তীর্ণ ঘোষণা করা হবে। এরূপ অনুত্তীর্ণ ছাত্রছাত্রী যে পর্বে অনুত্তীর্ণ হয়েছে পরবর্তী সংশ্লিষ্ট পর্বে ধারাবাহিকভাবে পর পর সর্বোচ্চ দুইবার যে বিষয়/বিষয় সমূহে অকৃতকার্য হয়েছে শুধুমাত্র সেই বিষয়/বিষয়সমূহে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ পরীক্ষায় প্রত্যেক অকৃতকার্য বিষয়ে/বিষয়সমূহের তত্বীয়/ব্যবহারিক অংশের পর্বসমাপনী পরীক্ষায় পৃথকভাবে উত্তীর্ণ হয়ে বোর্ড নির্ধারিত ফি দিয়ে পুনঃভর্তির মাধ্যমে পরবর্তী পর্বে অধ্যয়নের সুযোগ পাবে। এ পরীক্ষায় প্রাপ্ত নম্বর বিবেচনা করে ফলাফল নির্ধারণ করা হবে। উক্ত সময়ের মধ্যে এ সুযোগ গ্রহণ করে পরীক্ষায় অকৃতকার্য হলে এই ছাত্রছাত্রী অধ্যয়নের আর কোন সুযোগ পাবে না।

৪.১৪.৩ কোন ছাত্রছাত্রী ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের বিষয়সমূহের পর্ব সমাপনী পরীক্ষায় যে কোন এক/দুই/তিন বিষয়ে তাত্বিক/ব্যবহারিক অংশে অকৃতকার্য হলে উক্ত ছাত্রছাত্রী পরবর্তি পর্বে নিয়মিত শিক্ষার্থী হিসেবে অধ্যয়নের সুযোগ পাবে। এরূপ তাত্বিক/ব্যবহারিক অংশে অকৃতকার্য এক/দুই/তিন বিষয়ে প্রতি পর্বের কেন্দ্র ফিসহ বোর্ডের নির্ধারিত ফি দিয়ে অধ্যয়নরত অবস্থায় পর্ব সমাপনী পরীক্ষায় পরিপূরক পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। অর্থাৎ পর্ব সমাপনী পরীক্ষায় অধ্যয়নরত পর্বের সকল বিষয়ের সাথে পূর্ববর্তী পর্বের অকৃতকার্য বিষয়সমূহে অংশগ্রহণ করবে। কোন ছাত্র/ছাত্রী পরিপূরক পরীক্ষায় অকৃতকার্য হলে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পরবর্তী পর্বে, পর্ব সমাপনী পরীক্ষাসমূহে উক্ত বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। এ পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়/বিষয়সমূহে উত্তীর্ণ হলে প্রাপ্ত নম্বর বিবেচনা করে সংশ্লিষ্ট পর্বের ফলাফল নির্ধারণ করা হবে।

[৪.১৪.৪ কোন ছাত্রছাত্রী ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের বিষয়সমূহের পরীক্ষায় চার বা ততোধিক বিষয়ে তাত্বিক/ব্যবহারিক সমাপনী অংশে অকৃতকার্য হলে সংশ্লিষ্ট পর্বে অনুত্তীর্ণ ঘোষণা করা হবে। এরূপ শিক্ষার্থী যে পর্বে অনুত্তীর্ণ হয়েছে পরবর্তী সংশ্লিষ্ট পর্বে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে বোর্ড নির্ধারিত ফি দিয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে শুধু অনুত্তীর্ণ বিষয় বা বিষয়সমূহের অনুত্তীর্ণ অংশে (তাত্বিক/ব্যবহারিক সমাপনী) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ পরীক্ষায় প্রত্যেক অকৃতকার্য বিষয়ে/বিষয়সমূহের তত্বীয়/ব্যবহারিক অংশের পর্বসমাপনী পরীক্ষায় পৃথকভাবে উত্তীর্ণ হয়ে বোর্ড নির্ধারিত ফি দিয়ে সংশ্লিষ্ট ইন্সটিটিউটে ক্লাশ শুরুর ২ সপ্তাহের মধ্যে পুনঃভর্তির মাধ্যমে পরবর্তী পর্বে অধ্যয়নের সুযোগ পাবে। এ পরীক্ষায় প্রাপ্ত নম্বর বিবেচনা করে সংশ্লিষ্ট পর্বের ফলাফল নির্ধারণ করা হবে।

৪.১৪.৫ উপরোক্ত ৪.১৪.৪ ধারায় বর্ণিত অকৃতকার্য কোন ছাত্রছাত্রী পরবর্তী সংশ্লিষ্ট পর্বে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের পর পরবর্তী পর্বে সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি দেয়া হবে এবং ৪র্থ/৫ম/৬ষ্ঠ/৭ম পর্বে এক/দুই/তিন বিষয়ে তাত্বিক/ব্যবহারিক অংশে অকৃতকার্য হলে উক্ত ছাত্রছাত্রীর পরবর্তী পর্বে সাময়িকভাবে দেয় অধ্যয়নের অনুমতি অব্যাহত থাকবে এবং এরূপ ক্ষেত্রে তাদেরকে

পুনঃভর্তি হতে হবে এবং তাদের ক্ষেত্রেও ধারা ৪.১৪.৩ প্রযোজ্য হবে। উলেস্নখ থাকে যে চার বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হলে সাময়িকভাবে দেয় অধ্যয়নের অনুমতি বাতিল বলে গণ্য হবে এবং এরূপ ছাত্রছাত্রীকে অকৃতকার্য হিসেবে ঘোষণা করা হবে।

৪.১৫.১ কোন ছাত্রছাত্রী ৪র্থ/৫ম/৬ষ্ঠ/৭ম পর্ব সমাপনী পরীক্ষায় তাত্ত্বিক/ব্যবহারিক অংশে অনধিক তিন বিষয়ে অকৃতকার্য হলেও ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং এ অংশগ্রহণ করার সুযোগ পাবে। তবে সে ক্ষেত্রে উক্ত ছাত্রছাত্রী ৮ম পর্ব সমাপনী পরীক্ষায় পূর্ববর্তী পর্ব/পর্বসমূহের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে প্রতি পর্বের কেন্দ্র ফিসহ নির্ধারিত ফি দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং এ উত্তীর্ণ হলেও ৪র্থ/৫ম/৬ষ্ঠ/৭ম পর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে উত্তীর্ণ না হওয়া পর্যমত্ম ৮ম পর্বের চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে না।

৪.১৫.২ ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং-এ উত্তীর্ণ হলেও যদি ৪র্থ/৫ম/৬ষ্ঠ/৭ম পর্বের কোন বিষয়/বিষয়সমূহে অকৃতকার্য থাকে তবে প্রতি পর্বের কেন্দ্র ফিসহ বোর্ডের নির্ধারিত ফি দিয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উক্ত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ফলাফল নির্ধারিত হবে।

৪.১৬ কোন ছাত্রছাত্রী ৮ম পর্বে ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং এ অকৃতকার্য হলে উক্ত ছাত্রছাত্রীকে ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং এ অকৃতকার্য ঘোষণা করা হবে এবং পরবর্তীতে তাকে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে নিজ খরচে পরবর্তী সংশ্লিষ্ট পর্বে ট্রেনিং গ্রহণ করতে হবে।

৪.১৭ কোন ছাত্রছাত্রী কোন পর্বে উত্তীর্ণ হওয়ার পর পরবর্তী পর্বে অধ্যয়ন করা থেকে বিরত থাকলে ঐ ছাত্রছাত্রী যে পর্বে অধ্যয়ন করা থেকে বিরত রয়েছে পরবর্তী সংশ্লিষ্ট পর্বে ধারাবাহিকভাবে পরপর সর্বোচ্চ দুইবার রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পুনঃভর্তি হয়ে অধ্যয়ন করার সুযোগ পাবে। তবে এক্ষেত্রে তাকে বোর্ডে সংযোগ রক্ষাকারী ফি প্রদান করতে হবে। সেমিস্টার আরম্ভের ১৫ কার্যদিবসের মধ্যে পুনঃভর্তি সম্পন্ন করে বোর্ডকে অবহিত করতে হবে।

৪.১৮.১ ১ম, ২য় ও ৩য় পর্বের তাত্ত্বিক উত্তরপত্রের মূল্যায়নের ও ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়নের নম্বরপত্র প্রতি পর্বের পরীক্ষা শেষে বিভাগীয় প্রধানগণ তার বিভাগের আওতাধীন বিষয়সমূহ নিরীক্ষণ করে ছাত্র-ছাত্রীর সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধানের নিকট ফলাফল সংকলনের জন্য প্রেরণ করবেন। বিভাগীয় প্রধানগন তিন কপি ফলাফল সংকলন শিট (টেবুলেশন) শিক্ষা বিষয়ক পরিষদের অনুমোদনের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষের নিকট উত্তরপত্রসহ জমা দিবেন। সকল জমাকৃত উত্তর পত্রের মধ্য হতে অধ্যক্ষ নূন্যতম ১০% পুনঃমূল্যায়ন করে নম্বরপত্র চূড়ামত্ম করে ফলাফল প্রকাশ করবে । অনুমোদিত এক কপি সংকলন শিট পরিপূরক পরীক্ষার ফল প্রকাশের এক সপ্তাহের মধ্যে বোর্ডে প্রেরণ করতে হবে । [redacted]

৪.১৮.২ শিক্ষা বিষয়ক পরিষদের অনুমোদিত ফলাফলের ভিত্তিতে ১ম, ২য় ও ৩য়_ পর্বের জন্য ইন্সটিটিউট/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নিম্নবর্ণিত বিষয় সম্বলিত ফলাফল প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন।

(i) ছাত্র ছাত্রীদের প্রাপ্ত GPA তালিকা

(ii) বিষয় উল্লেখপূর্বক পরিপূরক পরীক্ষাযোগ্য ছাত্র ছাত্রীদের তালিকা।

৪.১৮.৩ পর্ব সমাপনী পরীক্ষার অব্যবহিত পর অভ্যমত্মরিণভাবে মূল্যায়নকৃত সকল প্রকার পরীক্ষা সংক্রামত্ম কাগজপত্র/উত্তরপত্র ইন্সটিটিউটে পরবর্তী পর্ব পর্যমত্ম সংরক্ষণ করতে হবে এবং উক্ত কাগজপত্র/উত্তরপত্র প্রয়োজনে বোর্ডে প্রেরণ করতে হবে। বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ আন্তঃ প্রতিষ্ঠানের মান পরীক্ষা করার জন্য প্রেরিত উত্তরপত্রগুলো মূল্যায়ন করবে এবং উক্ত মূল্যায়নের প্রেক্ষিতে প্রতিষ্ঠানগুলোর মানের সমতা বিধানকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪.১৯.১ ৪র্থ,৫ম,৬ষ্ঠ ও ৭ম পর্বের ব্যবহারিক পরীক্ষা পর্ব সমাপনী তাত্ত্বিক পরীক্ষার শেষে অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষা অভ্যান্তরিণ ও অনাভ্যন্তরিণ ব্যবহারিক পরীক্ষক যৌথভাবে পরিচালনা করবেন। সাধারণতঃ সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক উক্ত বিষয়ের অভ্যমত্মরিণ পরীক্ষক হিসেবে কাজ করবেন। পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা অভ্যমত্মরিণ পরীক্ষক নিয়োগ করবেন এবং বোর্ড হতে অনাভ্যমত্মরিণ ব্যবহারিক পরীক্ষক নিয়োগ করা হবে। পরীক্ষার্থীর সংখ্যা এবং ওয়ার্কশপ অথবা ল্যাবরেটরি সুবিধাদির ভিত্তিতে পরীক্ষার্থীদেরকে অনধিক ৩০ জনের গ্রম্নপে বিভক্ত করে ব্যবহারিক পরীক্ষার বিসত্মারিত সময়সূচি প্রণয়ন করবেন। প্রত্যেক ছাত্রছাত্রী যাতে নির্ধারিত জব/ এক্সপেরিমেন্ট নিজ হাতে সম্পন্ন করে তা নিশ্চিত করতে হবে। বিভাগীয় প্রধান পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদনক্রমে নোটিশের মাধ্যমে ব্যবহারিক পরীক্ষার বিসত্মারিত সময়সূচি পরীক্ষার্থীদেরকে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করবেন।

৪.১৯.২ অভ্যন্তরিণ ও অনাভ্যন্তরিণ ব্যবহারিক পরীক্ষক যৌথভাবে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ ও পরীক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

৪.১৯.৩ অনাভ্যন্তরিণ ব্যবহারিক পরীক্ষক অভ্যন্তরিণ পরীক্ষকের সাথে আলোচনাক্রমে নম্বর প্রদান করবেন। এ বিষয়ে মতানৈক্য দেখা দিলে অনাভ্যমত্মরিণ ব্যবহারিক পরীক্ষকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৪.১৯.৪ অভ্যন্তরিণ পরীক্ষক কর্তৃক প্রদত্ত তাত্ত্বিক ও ব্যবহারিক ধারাবাহিক নম্বর বিভাগীয় প্রধান/ইন্সটিটিউট প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষর করে বোর্ডে প্রেরণ করতে হবে।

৪.১৯.৫ সকল পরীক্ষার সম্মানী বোর্ড কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী বণ্টন করতে হবে।

৪.২০ ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের সমাপনী তত্ত্বীয় বিষয়ের উত্তরপত্রসমূহ পরীক্ষা শেষ হওয়ার পর পরই বীমাকৃত পার্শ্বেল ডাকযোগে নির্দেশনা মোতাবেক বোর্ডে প্রেরণ করতে হবে। বোর্ড কর্তৃক নিয়োগকৃত পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

৪.২১ কোন অনিয়মিত পরীক্ষার্থী ধারাবাহিকভাবে বা পর্যায়ক্রমে বোর্ড পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে নির্ধারিত ফি প্রদান করে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ হতে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পূর্ব অনুমতি নিতে হবে।

৪.২২ যদি কোন পরীক্ষার্থী তার প্রাপ্ত ঈএচত এর মান উন্নয়ন করতে চায় তবে নির্ধারিত ফি প্রদান করে ৬ষ্ঠ অথবা ৭ম পর্বের তাত্ত্বিক সকল বিষয়সমূহে মান উন্নয়ন পরবর্তী পর্বসমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং এ সুযোগ একবারের জন্য প্রযোজ্য হবে।

৪.২৩ ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং-এর নিয়মাবলী

৪.২৩.১ ৮ম পর্বে ১৬ সপ্তাহের ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং সংশ্লিষ্ট ইন্ডাষ্ট্রি/সংস্থায় সম্পন্ন করতে হবে।

৪.২৩.২ শিল্পকারখানার/সংস্থার/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত প্রশিক্ষক এবং সংশ্লিষ্ট ইন্সটিটিউটের অধ্যক্ষ কর্তৃক নিয়োজিত সংশ্লিষ্ট বিভাগীয় শিক্ষক যৌথভাবে শিল্পকারখানায় **১৬** সপ্তাহব্যাপী ট্রেনিং কার্যক্রম পরিচালনা ও মূল্যায়ন করবেন।

৪.২৩.৩ ইন্ডাস্ট্রি/সংস্থায় ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং এর মোট ১৬ সপ্তাহের কার্যক্রমের উপর একটি প্রতিবেদন তৈরি করে ছাত্রছাত্রীদেরকে ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষার সময় মূল্যায়নের জন্য পরীক্ষকদের সামনে উপস্থাপন করতে হবে।

৪.২৩.৪ বোর্ড কর্তৃক নিযুক্ত অনাভ্যমন্তরিণ পরীক্ষক, সংশ্লিষ্ট ইন্সটিটিউটের দায়িত্ব প্রাপ্ত শিক্ষক এবং বিভাগীয় প্রধান যৌথভাবে ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষা মূল্যায়ন করবেন এবং মূল্যায়নকৃত নম্বর বোর্ড নির্ধারিত নম্বরপত্রে লিপিবদ্ধ করে যৌথ স্বাক্ষরে বোর্ড নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের বরাবর প্রেরণ করতে হবে।

৪.২৩.৫ কোন শিক্ষার্থীর হাজিরা ৮০% এর নিচে থাকলে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং-এ অনুত্তীর্ণ ঘোষণা করা হবে।

৪.২৪ ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং-এর নম্বর বণ্টন

৪.২৪.১ ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ৬ ক্রেডিট এর একটি ব্যবহারিক বিষয় হিসেবে বিবেচিত হবে, যার মোট নম্বর হবে ৩০০। উক্ত মোট নম্বরের ব্যবহারিক ধারাবাহিকে ৫০% এবং ব্যবহারিক পর্ব সমাপনীতে ৫০% নম্বর নির্ধারিত থাকবে। ইন্ডাষ্ট্রি/সংস্থায় ট্রেনিং এ ব্যবহারিক ধারাবাহিকে এবং ব্যবহারিক পর্বসমাপনী পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম C+ গ্রেড পেয়ে উত্তীর্ণ হতে হবে।

৪.২৪.২ ইন্ডাষ্ট্রি/সংস্থায় ট্রেনিং এ ব্যবহারিক ধারাবাহিক নম্বরের ৫০% অর্থাৎ ১৫০ নম্বরের বিভাজন নিম্নে প্রদান করা হলোঃ

(i) দৈনন্দিন কাজ	ঃ	৭৫
(ii) হাজিরা	ঃ	৪৫
(iii) দৈনন্দিন কাজের রেকর্ড সংরক্ষণ	ঃ	৩০
মোট	=	১৫০

[হাজিরাঃ ৯০% বা এর উপর (আনুপাতিক হারে) = ৩৫-৪৫
৮০-৮৯% (আনুপাতিক হারে) = ২৫-৩৪]

৪.২৪.৪ ইন্ডাষ্ট্রি/সংস্থায় ট্রেনিং এ ব্যবহারিক পর্ব সমাপনী নম্বরের ৫০% অর্থাৎ ১৫০ নম্বরের বিভাজন নিম্নে প্রদান করা হলোঃ

	মোট
(i) প্রতিবেদন প্রস্তুতকরণ	৭৫
(ii) প্রতিবেদন মূল্যায়ন ও উপস্থাপন	৭৫
মোট	**= ১৫০**

৫. ট্রান্সক্রিপ্ট ও সনদপত্র

৫.১ ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্বের ট্রান্সক্রিপ্ট ইংরেজি ভাষায় বোর্ড কর্তৃক প্রদত্ত হবে এবং ১ম, ২য় ও ৩য়_পর্বের ট্রান্সক্রিপ্ট প্রতিষ্ঠান ইংরেজি ভাষায় লিপিবদ্ধ করে বিভাগীয় প্রধান ও উপাধ্যক্ষ/অধ্যক্ষের স্বাক্ষর গ্রহণান্তে বিতরণ করবে।

৫.২ সনদপত্রের নাম হবে ইংরেজিতে "Diploma-in-Engineering" ।

৫.৩ ১ম হতে ৮ম পর্বের ধারাবাহিক মূল্যায়ন ও পর্ব সমাপনী বোর্ড পরীক্ষায় সকল বিষয়ে প্রাপ্ত CGPA এর ভিত্তিতে বোর্ড সনদপত্র প্রদান করবে।

৫.৪ সনদপত্রে শিক্ষাক্রমের মেয়াদ উল্লেখসহ ইংরেজি ভাষায় প্রদান করা হবে।

৬. এ প্রবিধানের কোন ধারার/ধারাসমূহের অথবা অনুল্লিখিত কোন বিষয়ে ব্যাখ্যা প্রদানের অধিকার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে এবং বোর্ডের ব্যাখ্যাই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৭. বোর্ডের অনুমোদিত সমন্বিত শৃংখলাবিধি ও উপবিধি এ শিক্ষাক্রমের জন্য অনুসরণ করা হবে। সরকারের ১৯৮০ সনের পাবলিক এক্সামিনেশন এক্ট (সংশোধনী সহ) এক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া সরকারের সময়ে সময়ে জারীকৃত নীতিমালা অনুসৃত হবে।

------------- ০ -------------

Proposed Course Structure – 2016

Computer Technology

Computer Technology (66)

First Semester

Sl. No	Subject code	Name of the subject	T	P	C	`MARKS				
						Theory		Practical		Total
						Cont. assess	Final exam.	Cont. assess	Final exam.	
1		Engineering Drawing	0	6	2	-	-	50	50	100
2		Computer Fundamental	2	3	3	25	75	25	25	150
3		Computer Application -I	0	6	2	-	-	50	50	100
4		Basic Electricity	3	3	4	37.5	112.5	25	25	200
5		Applied English	2	2	3	25	75	25	25	150
6		Mathematics-I	3	3	4	37.5	112.5	50	-	200
7		Chemistry	2	3	3	25	75	25	25	150
		Total	**12**	**26**	**21**	**150**	**450**	**250**	**200**	**1050**

Second Semester

Sl. No	Subject code	Name of the subject	T	P	C	MARKS				
						Theory		Practical		Total
						Cont. assess	Final exam.	Cont. assess	Final exam.	
1		Computer Application –II	0	6	2	-	-	50	50	100
2		Basic Electronics	2	3	3	25	75	25	25	150
3		Computer Workshop practice	0	6	2	-	-	50	50	100
4		Physics-1	3	3	4	37.5	112.5	50	-	200
5		Mathematics –II	3	3	4	37.5	112.5	50	-	200
6		Bangla	2	2	3	25	75	50	-	150
7		Physical & Life Skill Education	0	2	1	-	-	25	25	50
	Total		**10**	**25**	**19**	**125**	**375**	**300**	**150**	**950**

Third Semester

Sl. No	Subject code	Name of the subject	T	P	C	MARKS				
						Theory		Practical		Total
						Cont. assess	Final exam.	Cont. assess	Final exam.	
1		Programming in C	2	3	3	25	75	25	25	150
2		Web Design	0	6	2	-	-	50	50	100
3		Digital Electronics-1	2	3	3	25	75	25	25	150
4		Electronics Device & Circuits	2	3	3	25	75	25	25	150
5		Mathematics-III	3	3	4	37.5	112.5	50	-	200
6		Physics-II	3	3	4	37.5	112.5	25	25	200
7		Social Science	2	0	2	25	75	-	-	100
		Total	**14**	**21**	**21**	**175**	**525**	**200**	**150**	**1050**

Fourth Semester

Sl. No	Subject code	Name of the subject	T	P	C	MARKS				
						Theory		Practical		Total
						Cont. assess	Final exam.	Cont. assess	Final exam.	
1.		Object Oriented Programming in C++	2	6	4	25	75	50	50	200
2		Graphics Design	0	6	2	-	-	50	50	100
3		Data Structure & Algorithm	2	3	3	25	75	25	25	150
4		Web Development	0	6	2	-	-	50	50	100
5		Digital Electronics-II	3	3	4	37.5	112.5	25	25	200
6		Electrical Machines	2	3	3	25	75	25	25	150
7		Discrete Mathematics	2	0	2	25	75	-	-	100
	Total		**11**	**27**	**20**	**137.5**	**412.5**	**225**	**225**	**1000**

Fifth Semester

Sl. No	Subject code	Name of the subject	T	P	C	MARKS				
						Theory		Practical		Total
						Cont. assess	Final exam.	Cont. assess	Final exam.	
1		Programming in C#	2	6	4	25	75	50	50	200
2		Computer System Software	2	6	4	25	75	50	50	200
3		Database Management System	2	6	4	25	75	50	50	200
4		E-Commerce & CMS	0	6	2	0	0	50	50	100
5		Web Development Project	0	6	2	0	0	50	50	100
6		Book Keeping & Accounting	2	0	2	25	75	0	0	100
7		Environmental Management	2	0	2	25	75	0	0	100
	Total		**10**	**30**	**20**	**125**	**375**	**250**	**250**	**1000**

Sixth Semester

Sl. No	Subject code	Name of the subject	T	P	C	MARKS				
						Theory		Practical		Total
						Cont. assess	Final exam.	Cont uses	Final exam.	
1.		Programming in Java	2	6	4	25	75	50	50	200
2.		Microprocessor & Microcomputer	2	3	3	25	75	25	25	150
3.		Data Communication and Computer Network	2	6	4	25	75	50	50	200
4.		Computer Architecture & Peripherals	3	3	4	37.5	112.5	25	25	200
5.		Database Management System Project	0	6	2	-	-	50	50	100
6.		Computer Servicing & Maintenance	0	3	1	-	-	25	25	50
7.		Industrial Management	2	0	2	25	75			100
	Total		**11**	**27**	**20**	**137.5**	**412.5**	**225**	**225**	**1000**

Seventh Semester

Sl. No	Subject code	Name of the subject	T	P	C	MARKS				
						Theory		Practical		Total
						Cont. assess	Final exam.	Cont. assess	Final exam.	
1		Embedded System & PLC	2	3	3	25	75	25	25	150
2		Mobile Apps Development	2	6	4	25	75	50	50	200
3		Network Administration & Management	2	6	4	25	75	50	50	200
4		Digital Marketing Technology	2	3	3	25	75	25	25	150
5		Computer Engineering Project	0	6	2	-	-	50	50	100
6		Information Management & Security	2	3	3	25	75	25	25	150
7		Entrepreneurship	2	0	2	25	75	-	-	100
	Total		**12**	**27**	**21**	**150**	**450**	**225**	**225**	**1050**

Eighth Semester

Sl. No	Subject code	Name of the subject	T	P	C	MARKS				
						Theory		Practical		Total
						Cont. assess	Final exam.	Cont. assess	Final exam.	
		Industrial Training	0	0	6	-	-	150	150	300
	Total		**0**	**0**	**6**			**150**	**150**	**300**

Course Summary (Computer)-2016

Total Credit : 148
Practical : 68=45.94%
Theory : 80=54.06%
Social Skill : 14 Credit =9.45%
Science : 25 Credit =16.89%
Related Engineering : 21 Credit =14.18%
Core Engineering : 88 Credit =59.48%

Total (Hour) : 263 Periods
Theory : 80 Periods
Practical : 183 Period+1 Semester Industrial Attachment (6 Credit)

Course Summary (Computer)-2010

Total Credit : 159
Practical : 63=39.63%
Theory : 96=60.37%
Social Skill : 21 Credit =13.21%
Science : 26 Credit =16.36%
Related Engineering : 27 Credit =16.98%
Core Engineering : 85 Credit =53.45%

Total Period (1 Period=50 Minutes) : 261 Period
Theory : 96 Period
Practical : 185 Period+1 Semester Industrial Attachment (6 Credit)

Proposed Course Structure – 2016

Electrical Technology

1st Semester

Sl No	Sub. Code	Name of the Subject	T	P	C	Marks				Total
						Theory		Practical		
						TC	TF	PC	PF	
1		Basic Electricity	3	3	4	37.5	112.5	25	25	200
2		Basic Electronics	2	3	3	25	75	25	25	150
3		Engineering Drawing	0	6	2	-	-	50	50	100
4		Mathematics-1	3	3	4	37.5	112.5	50	-	200
5		Physics-1	3	3	4	37.5	112.5	25	25	200
6		Bangla	2	0	2	25	75	-	-	100
7		Physical & Life Skill Education	0	2	1	-	-	25	25	50
		Total=	**13**	**20**	**20**	**162.5**	**487.5**	**200**	**150**	**1000**

2nd Semester

Sl No	Sub. Code	Name of the Subject	T	P	C	Marks				Total
						Theory		Practical		
						TC	TF	PC	PF	
1		Electrical Circuits-1	3	3	4	37.5	112.5	25	25	200
2		Advance Electricity	3	3	4	37.5	112.5	25	25	200
3		Electrical Engineering Materials	2	0	2	25	75	-	-	100
4		Computer Application-1	0	6	2	-	-	50	50	100
5		Mathematics-2	3	3	4	37.5	112.5	50	-	200
6		Physics-2	3	3	4	37.5	112.5	25	25	200
7		Applied English	2	2	3	25	75	50	-	150
		Total=	**16**	**20**	**23**	**200**	**600**	**225**	**125**	**1150**

3rd Semester

Sl No	Sub. Code	Name of the Subject	T	P	C	Marks				Total
						Theory		Practical		
						TC	TF	PC	PF	
1		Electrical Circuits-2	3	3	4	37.5	112.5	25	25	200
2		Electrical Appliances	3	3	4	37.5	112.5	25	25	200
3		Electrical Engineering Drawing	0	3	1	-	-	25	25	50
4		Computer Application-2	0	6	2	-	-	50	50	100
5		Mathematics-3	3	3	4	37.5	112.5	50	-	200
6		Chemistry	2	3	3	25	75	25	25	150
7		Social Science	2	0	2	25	75	-	-	100
			13	**21**	**20**	**162.5**	**487.5**	**200**	**150**	**1000**

4th Semester

Sl No	Sub. Code	Name of the Subject	T	P	C	Marks				Total
						Theory		Practical		
						TC	TF	PC	PF	
1		Electrical Installation Planning and Estimating	3	3	4	37.5	112.5	25	25	200
2		DC Machines	3	3	4	37.5	112.5	25	25	200
3		Windings of Electrical Machines	1	3	2	12.5	37.5	25	25	100
4		Industrial Electronics	3	3	4	37.5	112.5	25	25	200
5		Applied Mechanics	2	3	3	25	75	25	25	150
6		Environmental Management	2	0	2	25	75	-	-	100
7		Book Keeping and Accounting	2	0	2	25	75	-	-	100
		Total=	**16**	**15**	**21**	**200**	**600**	**125**	**125**	**1050**

5th Semester

Sl No	Sub. Code	Name of the Subject	T	P	C	Marks				Total
						Theory		Practical		
						TC	TF	PC	PF	
1		Electrical & Electronics Measurements-1	3	3	4	37.5	112.5	25	25	200
2		Generation of Electrical Energy	3	3	4	37.5	112.5	25	25	200
3		Renewable Energy	2	3	3	25	75	25	25	150
4		Digital Electronics	2	3	3	25	75	25	25	150
5		Communication Engineering	2	3	3	25	75	25	25	150
6		Graphic Design	0	6	2	-	-	50	50	100
7		Industrial Management	2	0	2	25	75	-	-	100
		Total=	**14**	**21**	**21**	**175**	**525**	**175**	**175**	**1050**

6th Semester

Sl No	Sub. Code	Name of the Subject	T	P	C	Marks				Total
						Theory		Practical		
						TC	TF	PC	PF	
1		Alternating current Machines-1	3	3	4	37.5	112.5	25	25	200
2		Electrical & Electronic Measurement-2	2	3	3	25	75	25	25	150
3		Transmission and Distribution of Electrical Energy-1	3	3	4	37.5	112.5	25	25	200
4		Microprocessor, Micro Controller & PLC	3	3	4	37.5	112.5	25	25	200
5		Programming in C	2	3	3	25	75	25	25	150
6		Entrepreneurship	2	0	2	25	75	-	-	100
		Total=	**15**	**15**	**20**	**187.5**	**562.5**	**125**	**125**	**1000**

7th Semester

Sl No	Sub. Code	Name of the Subject	T	P	C	Marks				Total
						Theory		Practical		
						TC	TF	PC	PF	
1		Alternating Current Machines-2	3	3	4	37.5	112.5	25	25	200
2		Transmission and Distribution of Electrical Energy-2	3	3	4	37.5	112.5	25	25	200
3		Switch gear & Protection	3	3	4	37.5	112.5	25	25	200
4		Instrumentation and Process control	3	3	4	37.5	112.5	25	25	200
5		Testing and Maintenance of Electrical Equipment	2	3	3	25	75	25	25	150
6		Electrical Engineering project	0	6	2	-	-	50	50	100
		Total=	**14**	**21**	**21**	**175**	**525**	**175**	**175**	**1050**

8th Semester

Sl No	Sub. Code	Name of the Subject	T	P	C	Marks				Total
						Theory		Practical		
						TC	TF	PC	PF	
1		Industrial Training	0	0	6	0	0	150	150	300
		Total=	**0**	**0**	**6**	**0**	**0**	**150**	**150**	**300**

Course Summary (Electrical)-2016

Total Credit	: 152
Practical	: 51 Credit =33.55%
Theory	: 101 Credit =66.45%
Social Skill	: 16 Credit =10.52%
Science	: 23 Credit =15.13%
Related Engineering	: 22 Credit =14.47%
Core Engineering	: 91 Credit =59.88%

Total (Periods=50min)	: 252 Periods
Theory	: 101 Periods
Practical	: 151 Period+1 Semester Industrial Attachment (6 Credit)

Course Summary (Electrical)-2010

Total Credit	: 163
Practical	: 55 Credit =31.90%
Theory	: 111 Credit =68.10%
Social Skill	: 21 Credit =12.88%
Science	: 28 Credit =17.17%
Related Engineering	: 30 Credit =18.41%
Core Engineering	: 84 Credit =51.53%

Total Period (1 Period=50 Minutes) : 249 Period
Theory : 111 Period
Practical : 138 Period+1 Semester Industrial Attachment (6 Credit)